



বাংলাদেশ সাবমেরিন ক্যাবলস্ পিএলসি (বিএসসিপিএলসি)  
রহমান'স রেগনাম সেন্টার (৮ম ও ৯ম তলা)  
১৯১/১, তেজগাঁও-গুলশান লিংক রোড, ঢাকা-১২০৮।  
ফোন : ৮৮০২ ২২৬৬০৩৩১৫, ৮৮০২ ২২৬৬০৩৩১৬  
ফ্যাক্স : ৮৮০২ ২২৬৬০৩৩২২, ওয়েব সাইট : [www.bscccl.com.bd](http://www.bscccl.com.bd)



ডাক ও টেলিযোগাযোগ বিভাগ  
POST & TELECOMMUNICATIONS DIVISION

## নগদ লভ্যাংশ ও আয়কর সনদ বিতরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কোম্পানির ১৬তম বার্ষিক সাধারণ সভায় ২০২৩-২০২৪ অর্থ বছরের জন্য ঘোষিত ৪০% নগদ লভ্যাংশ বিধি মোতাবেক সম্মানিত শেয়ারহোল্ডারগণের ব্যাংক হিসাবে গত ২৬ ডিসেম্বর ২০২৪খ্রি. তারিখে প্রেরণ সম্পন্ন হয়েছে। ব্যাংক হিসাবে প্রেরণ সত্ত্বেও যে সকল লভ্যাংশ ওয়ারেন্ট ফেরত এসেছে তার বিপরীতে এমআইসিআর লভ্যাংশ ওয়ারেন্ট বিতরণের নিমিত্ত প্রস্তুত রয়েছে। তাছাড়া সম্মানিত শেয়ারহোল্ডারগণ কর্তৃক হালসনসহ বিগত তিন অর্থ বছরের জন্য ঘোষিত লভ্যাংশের আয়কর সনদ ও পরিশোধের মাধ্যম সংক্রান্ত তথ্য কোম্পানির তথ্য বাতায়নের মাধ্যমে (লিংক <http://15.206.221.72:8099/>) ২৪/৭ ভিত্তিতে সংগ্রহের নিমিত্ত প্রস্তুত রয়েছে।

এমতাবস্থায়, বিএসসিপিএলসি'র যে সকল সম্মানিত শেয়ারহোল্ডার/বিনিয়োগকারীগণ এখনো ২০২৩-২০২৪ অর্থ বছরের জন্য ঘোষিত নগদ লভ্যাংশের ওয়ারেন্ট সংগ্রহ করেননি তাদেরকে অনতিবিলম্বে কোম্পানির প্রধান কার্যালয়ে অফিস চলাকালীন সময়ে উপযুক্ত প্রমাণকসহ হাজির হয়ে বর্ণিত নগদ লভ্যাংশের ওয়ারেন্ট (প্রযোজ্য ক্ষেত্রে বিগত সনসমূহেরসহ) সংগ্রহের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো। একইসাথে সকল সম্মানিত শেয়ারহোল্ডারগণকে বর্ণিত লভ্যাংশের আয়কর সনদ ও পরিশোধের মাধ্যম সংক্রান্ত তথ্য কোম্পানির তথ্য বাতায়নের উপর্যুক্ত লিংক হতে সংগ্রহের নিমিত্ত বিশেষভাবে অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, ২০২৩-২০২৪ অর্থ বছরের জন্য ঘোষিত নগদ লভ্যাংশ হতে উৎসে কর্তিত কর বিধিবদ্ধ সময়ের মধ্যে সরকারি কোষাগারে জমা প্রদান করা হবে।

উপর্যুক্ত বিষয়ে যে কোনো প্রয়োজনে সম্মানিত শেয়ারহোল্ডার/বিনিয়োগকারীগণ অফিস চলাকালীন সময়ে সরাসরি উপস্থিত হয়ে অথবা ৮৮০২ ২২৬৬০৩৩১৫-৬ ফোন নাম্বারে অথবা [cs@bscccl.com](mailto:cs@bscccl.com) ঠিকানায় ই-মেইল প্রেরণের মাধ্যমে যোগাযোগ করতে পারেন।

তারিখ, ঢাকা  
২০ জানুয়ারি, ২০২৫খ্রি.।

স্বা/-

(মোহাম্মদ জাকিরুল আলম)  
কোম্পানি সচিব (অতিরিক্ত দায়িত্ব)  
ফোন: ০২২২৬৬০৩৩১৩ (অফিস)  
ই-মেইল: [cs@bsccplc.gov.bd](mailto:cs@bsccplc.gov.bd)